# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 MARCH 2026** **7:45—7:55**

---

১) আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য মনোনয়নপত্র প্র্যাহারের কাজ সমাপ্ত ।

২) বরাক উপত্যকার ১৩ আসনে ১১টি মনোনয়নপত্র প্রত্যাহার ।

৩) আসন্ন নির্বাচনের জন্য সমগ্র রাজ্য সহ বরাক উপত্যকায়ও শাসক-বিরোধী সহ অন্যান্য প্রার্থীদের প্রচারাভিযান আরো তীব্র ।

এবং

৪)রাজ্যে পর্যাপ্ত পরিমাণে পেট্রোল ও ডিজেল মজুদ রয়েছে বলে মুখ্য সচিব ডক্টর রবি কোটার প্রকাশ ।

-----------------------------------------------------------------------------------

আসন্ন আসাম বিধানসভা নির্বাচনের জন্য মনোনয়নপত্র প্রত্যহারের আজ ছিল শেষ দিন । সি পি আই আজ শিবশাগর বিধানসভা আসনের জন্য দাখিল করা মনোনয়নপত্র প্রত্যাহার করে নিয়েছে । ওই আসনের জন্য সি পি আইর মদন বরুয়া মনোনয়নপত্র দাখিল করেছিলেন । আজ বিকেলে এক সাংবাদিক সম্মেলনে দলের পক্ষ থেকে এ কথা জানিয়ে বলা হয়েছে যে শিবসাগরে মিত্র জোটের প্রার্থী অখিল গগৈকে তারা সমর্থন জানবে । বজালী জেলার ভবানীপুর-সরভোগ বিধানসভা আসনে একজন নির্দল প্রার্থী মনোনয়নপত্র প্রত্যহার করে নেওয়ায় ওই আসনে বর্তমানে মোট ৫ জন প্রার্থী নির্বাচনী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । চিরাং জেলায় আজ ৪ জন প্রার্থী মনোনয়ন পত্র প্রত্যাহার করেছেন । এই ৪ জন প্রার্থীই নির্দল হয়ে মনোনয়নপত্র জমা দিয়েছিলন বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । ওই আসনে মোট ১৭ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল

করেছিলেন । নগাওঁ জেলার ৭টি আসনের মধ্যে ধিং বিধানসভা আসনে ১ জন নির্দল প্রার্থী মনওনয়নপত্র প্রত্যাহার করেছেন ।

উল্লেখ্য যে রাজ্যের মোট ১শো ২৬টি বিধানসভা আসনে মনোনয়নপত্র পরীক্ষা করার পর ৭শো ৮৯ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে ।

---

বরাক উপত্যকার তিন জেলার ১৩টি আসনে আজ মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিনে ১১ জন প্রার্থী তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করেছেন । আজকের পর উপত্যকার তেরোটি আসনে নির্বাচনী আসরে অবতীর্ণ প্রার্থীদের তালিকা চূড়ান্ত হয়ে গেছে । সেই অনুযায়ী কাছাড় জেলার সাতটি আসনের মধ্যে শুধু উধারবন্দ আসনের নির্দল প্রার্থী মিঠুন নাথ আজ তার মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিয়েছেন । এর পরিপ্রেক্ষিতে কাছাড় জেলার তেরোটি আসনে মোট প্রার্থীর চূড়ান্ত সংখ্যা দাঁড়িয়েছে -৫১ । শিলচর আসনে যেসব প্রার্থী প্রতিদ্বন্দিতায় রইলেন, তারা হচ্ছেন- ভারতীয় জনতা পার্টির ডাঃ রাজদীপ রায়, ভারতীয় জাতীয় কংগ্রেসের অভিজিৎ পাল, এস ইউ সি আই (সি) দলের ভবতোষ চক্রবর্তী এবং নির্দল প্রার্থী পাপলু নাথ, সুব্রত কুমার চন্দ, রাণু দাস ও গৌতম দাস ।

ধলাই (সংরক্ষিত) আসনে বিজেপির অমিয় কান্তি দাস, কংগ্রেসের ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, এস ইউ সি আই (সি) দলের গৌর চন্দ্র দাস এবং নির্দল প্রার্থী পরিমল দাস ।

বড়খলা আসনে কংগ্রেসের ডাঃ অমিত কালোয়ার, বিজেপির পক্ষ থেকে প্রাক্তন বিধায়ক কিশোর নাথ, এস ইউ সি আই (সি) দলের শম্পা দে এবং নির্দল প্রার্থী জাহরুল ইসলাম বড়ভুইয়া, হিফজুর রহমান লস্কর এবং অমলেন্দু দাস ।

কাটিগড়া আসনে বিজেপি প্রার্থী বর্তমান বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, কংগ্রেস প্রার্থী প্রাক্তন বিধায়ক অমরচান্দ জৈন, তৃণমূল কংগ্রেস প্রার্থী ফজলুর রহমান লস্কর, এস ইউ সি আই (সি) দলের হিল্লোল ভট্টাচার্য, বিকাশ ইন্ডিয়া পার্টির প্রার্থী আব্দুল ওয়াদুদ চৌধুরী, নির্দল প্রার্থী কৌশিক দাস, নুরুল আলম বড়ভুইয়া, রাজু দাস, সন্দীপ দাস, ইবাজুল হক লস্কর, নাসির উদ্দিন বড়ভুইয়া, সালেহ্ আহমেদ মজুমদার, শিবা নারায়ণ সিং এবং সঞ্জু মুণ্ডা ।

সোনাই আসনে কংগ্রেস প্রার্থী আসাম বিধানসভার প্রাক্তন উপাধ্যক্ষ আমিনুল হক লস্কর, অসম গণপরিষদ প্রার্থী বর্তমান বিধায়ক করিম উদ্দিন বড়ভুইয়া ও তৃণমূল কংগ্রেস প্রার্থী সাহাজাহান লস্কর, এস ইউ সি আই (সি) দলের অঞ্জন কুমার চন্দ, এ আই ইউ ডি এফ'এর মিনার হোসেন মাঝারভুইয়া, বিকাশ ইন্ডিয়া পার্টির আব্দুল মতলব লস্কর এবং নির্দল প্রার্থী এম এম মুজাহিদুল মজুমদার, পতন লাল রবিদাস, নজরুল ইসলাম লস্কর, হাসান আহমেদ বড়ভুইয়া, জয়নুল হক মুজমদার এবং আলম হোসেন লস্কর ।

লক্ষ্মীপুর আসনে বিজেপির পক্ষ থেকে রাজ্যের বর্তমান মন্ত্রী কৌশিক রাই, কংগ্রেস প্রার্থী ডাঃ এম. শান্তি কুমার সিংহ এবং নির্দল প্রার্থী সঞ্জয় নুনিয়া এবং জিয়াব-উল ইসলাম লস্কর ।

উধারবন্দ আসনে বিজেপি প্রার্থী রাজদীপ গোয়ালা, কংগ্রেসের প্রার্থী রাজ্যের প্রাক্তন মন্ত্রী অজিত সিং, তৃণমূল কংগ্রেস প্রার্থী তাপস দাস, এবং এস ইউ সি আই (সি) দলের দিলীপ কুমার রী নির্বাচনী আসরে রয়েছেন ।

---

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের মধ্যে তিনটিতে মনোনয়ন পত্র প্রত্যাহারের আজ শেষ দিনে আটজন প্রার্থী তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিয়েছেন । জেলায় ৪৭জন প্রার্থী নির্বাচনী ময়দানে রয়েছেন ।

উত্তর করিমগঞ্জ আসনে ১৬ জন বৈধ প্রার্থীর মধ্যে দুজন - লুৎফুর রহমান বড়ভুইয়া এবং আব্দুল গফফার তালুকদার মনোনয়ন পত্র প্রত্যাহার করায় এই আসনে ১৪জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন । এদের মধ্যে উল্লেখযোগ্য প্রার্থীরা হচ্ছেন- বিজেপি প্রার্থী সুব্রত ভট্টাচার্য, কংগ্রেস প্রার্থী জাকারিয়া আহমেদ ।

দক্ষিণ করিমগঞ্জ আসনে কুড়িজন বৈধ প্রার্থীর মধ্যে পাঁচজন- আব্দুল করিম, আহমেদ হোসেন লস্কর, সামসুল ইসলাম, গোলাম রব্বানি চৌধুরী ও মোহম্মদ জাহারুল ইসলাম মনোনয়ন পত্র প্রত্যাহার করে নেন । এর পরিপ্রেক্ষিতে এই আসনে ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রইলেন । এই আসনে উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিজেপির মিত্রজোট অসম গণপরিষদের প্রার্থী ইকবাল হোসেন, কংগ্রেসের আমিনুর রশিদ চৌধুরী রয়েছেন ।

এদিকে পাথারকান্দি আসনে নয়জন বৈধ প্রার্থীর মধ্যে একজন- রাজীব ব্যানার্জী মনোনয়ন পত্র প্রত্যাহার করেছেন । ফলে এই আসনে আটজন প্রার্থী রয়েছেন । এই আসনে বিজেপি প্রার্থী রাজ্যের বর্তমান মন্ত্রী কৃষ্ণেন্দু পাল, কংগ্রেসের কার্তিকসেনা সিন্‌হা রয়েছেন ।

রামকৃষ্ণ নগর আসনে আজ শেষ দিনে নয়জন প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন । এই আসনে উল্লেখযোগ্যদের মধ্যে বিজেপি প্রার্থী বর্তমান বিধায়ক বিজয় মালাকার, কংগ্রেস প্রার্থী সুরুচী রায় এবং নির্দল প্রার্থী শশাঙ্ক শেখর দাস নির্বাচনী আসরে রয়েছেন ।

হাইলাকান্দি জেলার দুটি আসনে আজ মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিনে দুজন প্রার্থী মনোনয়ন পত্র প্রত্যাহার করেছেন । এই দুজন প্রার্থীর মনোনয়ন পত্র প্রত্যাহারের পরিপ্রেক্ষিতে ওই জেলার দুটি আসনে মোট প্রার্থীর সংখ্যা দাঁড়ালো- ২৭ । আলগাপুর-কাটলীছড়া আসনে নির্দল প্রার্থী ফিরোজ খান চৌধুরী এবং এস ইউ সি আই (সি) দলের প্রার্থী আলতাফ হোসেন মজুমদার তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করে নেওয়ায় এই আসনে ১৫জন প্রার্থী নির্বাচনী আসরে রইলেন । এরমধ্যে বিজেপির মিত্রজোট অসম গণপরিষদের প্রার্থী বর্তমান বিধায়ক জাকির হোসেন লস্কর, দুই নির্দল প্রার্থী- বর্তমান বিধায়ক নিজাম উদ্দিন চৌধুরী ও সুজাম উদ্দিন লস্কর এবং কংগ্রেস প্রার্থী জুবের আনাম রয়েছেন ।
অন্যদিকে হাইলাকান্দি বিধানসভা আসনে আজ কোনো প্রার্থী মনোনয়ন পত্র প্রত্যাহার না করায় মোট বারোজন প্রার্থী নির্বাচনী ময়দানে রয়েছেন । এই আসনে উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিজেপির ডঃ মিলন দাস , কংগ্রেসের প্রাক্তন বিধায়ক রাহুল রায় রয়েছেন ।

---

আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও বিভিন্ন দলের নির্বাচনী প্রচারাভিযান ক্রমশ তীব্র হচ্ছে । বি জে পি নেতা তথা রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ সার্থেবারীতে এন ডি এ প্রার্থী দিপক কুমার দাসের সমর্থনে একটি নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহন করেন ।এর পর মুখ্যমন্ত্রী বজালীর অ গপ প্রার্থী ধর্মেশ্বর রায় এবং মঙ্গলদৈ-এ বি জে পি আয়োজিত সংকল্প সভায় অংশ গ্রহণ করেন ।

শিলচর বিধানসভা আসনের বি জে পি প্রার্থী ডা. রাজদীপ রায় আজ বিলপারে একটি পদযাত্রায় অংশ গ্রহণ করেন । একইভাবে কংগ্রাস প্রার্থী অভিজিৎ পালও আজ নির্বাচনী প্রাচারে অংশ নিয়েছেন । উধারবন্দ বিধানসভা আসনের বি জে পি প্রার্থী রাজদীপ গোয়ালা আজ শালগঙ্গা , ঝাপিরবন্দ এবং মধুরাবন্দে নির্বাচনী প্রচার চালান , ওই আসনের কংগ্রেস প্রার্থী অজিত সিংও আজ বিভিন্ন স্থানে নির্বাচনী প্রচারকার্য শুরু করেছেন । বড়খলা আসনের কংগ্রেস ও বি জে পি প্রার্থী ডাক্তার অমিত কালোয়ার এবং কিশোর নাথ প্রাচার অভিযানে অংশ নিয়েছেন । করিমগঞ্জে লোয়াইরপোয়া মন্ডল বি জে পি কার্যালয়ে বি জে পি প্রার্থী কৃষ্ণেন্দু পালের উপস্থিতিতে একটি নির্বাচনী সভা অনুষ্ঠিত হয় । অন্যদিকে রামকৃষ্ণ নগর বিধানসভা আসনে ওই অঞ্চলের উন্নয়নের খতিয়ান প্রকাশ করা হয় । এতে বি জে পি প্রার্থী বিজয় মালাকার , কেন্দ্রীয় মন্ত্রী অজয় তামতা উপস্থিত ছিলেন । এদিকে উত্তর করিমগঞ্জ আসনের কংগ্রেস প্রার্থী জাকারিয়া আহমদ পান্না ইতিমধ্যেই প্রচারকার্য শুরু করেছেন এবং বিভিন্ন এলাকায় জনসংযোগ গড়ে তোলার উদ্দেশ্যে পদযাত্রা করছেন ।

---

হাইলাকান্দি জেলায় রাজনৈতিক দলগুলির নির্বাচনী প্রচার আরো তীব্র হয়ে উঠেছে । ১২১ নম্বর হাইলাকান্দি আসনে আজ বিজেপি প্রার্থী ডক্টর মিলন দাস কালীনগর এলাকায় নির্বাচনী প্রচারে অংশ নেন । অন্য দিকে কংগ্রেস প্রার্থী রাহুল রায় আজ লালা রাজীব ভবনে একটি সভায় অংশগ্রহন করেন ।

এদিকে আলগাপুর-কাটলিছড়া আসনের কংগ্রেস প্রার্থী জুবিয়ের আনাম আজ লালা বাইপাস সংলগ্ন এলাকায় একটি বাইক র‍্যালীতে যোগ দেন । এছাড়া এই আসনের অসম গণ পরিষদ দলের প্রার্থী জাকির হোসেন লস্কর লক্ষীনগর এলাকায় প্রচার করেন ।

---

রাজ্যে পর্যাপ্ত পরিমাণে পেট্রোল ও ডিজেল মজুদ রয়েছে । মুখ্য সচিব ডক্টর রবি কোটা সামাজিক মাধ্যমযোগে এই তথ্য প্রকাশ করেছেন । তিনি জানান যে সরকার তেল বিপনন কোম্পানী গুলির সঙ্গে গৌহাটি সহ রাজ্যের বিভিন্ন প্রান্তের পেট্রোল ও ডিজেল ডিপোর সঙ্গে পরিস্থিতির পর্যালোচনা করেছে । ডক্টর কোটা বলেন যে আসামের ৪টি শোধনাগার নুমলীগড় , নুনমাটি , ডিগবয় এবং বঙ্গাইগাওয়ে স্থানীয় চাহিদা থেকে আনেক বেশী ইন্ধন উৎপাদন হয় । শোধনাগারগুলি থেকে খুচরো বিপনিগুলিতে ইন্ধন সরবরাহের ক্ষেত্রে কোন ধরণের অসুবিধা নেই বলেও তিনি জানিয়েছেন । মধ্য প্রাচ্যের

উত্তেজনা এবং সংঘর্ষের ফলে ইন্ধন সরবরাহ বিঘ্নিত হতে পারে বলে সৃষ্টি হওয়া আশঙ্কার মধ্যেই মুখ্য সচিব আজ এই স্পষ্টিকরণ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ অবৈধভাবে ভারতে প্রবেশ করার অভিযোগে আজ শিলচর শহর থেকে নাইজেরিয়ার একজন নাগরিক সহ মোট পাঁচজনকে গ্রেপ্তার করেছে । জেলার অপরাধ শাখার অতিরিক্ত পুলিশ সুপার রজত পাল একথা জানিয়ে বলেছেন যে- ধৃত ৪৪ বছর বয়সের ইমেকা এসাডোক নামের ওই নাইজেরিয়ান নাগরিক শিলচরের ঘনিয়ালা অঞ্চলের এক দম্পতি, মিজোরামের জনৈক মহিলা এবং একজন স্থানীয় অটোচালকের সঙ্গে অটোরিক্সোয় করে যাচ্ছিল । প্রাথমিক জেরার পর পুলিশ এদের সবাইকে গ্রেপ্তার করে । নাইজেরিয়ান নাগরিকের কাছে ভারতে প্রবেশের কোনো বৈধ নথিপত্র ছিল না বলে পুলিশ জানিয়েছে । গ্রেপ্তার হওয়া লোকজনকে প্রবীণ পুলিশ আধিকারিক এবং গোয়েন্দা সংস্থা জেরা অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------------------

বিশ্ব হিন্দু পরিষদ ও বজরং দলের উদ্যোগে আজ হাইলাকান্দি শহরে রামনবমী উপলক্ষ্যে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয় । শোভাযাত্রাটি কালীবাড়ি রোড থেকে বের হয়ে হাইলাকান্দি শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে । শোভাযাত্রার অন্যতম আর্কষন ছিল হিন্দু সংস্কৃতির উপস্থাপন । পরম্পরাগত পোষাক ও ধর্মীয় প্রতীক নিয়ে শোভাযাত্রাটি বের হয়ে শহর পরিক্রমা করে ।

---------------------------------------------------------------------------------------------